কাবুলিওয়ালা
ক্লাস টেস্ট / পূর্ণমান-১৫

সঠিক উত্তর নির্বাচন করো:- ১x১০=১০

I. মিনি কোথায় আগডুম বাগডুম খেলা করত?
A. ঘরের কোনায়  ।     B. ঘরের মধ্যে
C. টেবিলের পাশে    ।   D. চৌকির পাশে

II. কাবুলিওয়ালা মিনিকে প্রায়ই কী উপহার দিত?
A. কাপড় চোপড়, গহনা, গল্পের বই
B. বাদাম, পেস্তা, কিশমিশ, আঙুর
C. বাদাম, আপেল, বেদানা, গহনা
D. কাপড় চোপড়, বাদাম, আপেল, কিশমিশ, আঙুর

III. মিনির মধ্যে যে অন্ধবিশ্বাসটা ছিল সেটি হল-
A. কাবুলিওয়ালার ঝুলির মধ্যে কিশমিশ খোবানি থাকে।
B. কাবুলিওয়ালার ঝুলির মধ্যে জীবিত মানব সন্তান পাওয়া যায়।
C. কাবুলিওয়ালা মেয়েদের ধরে নিয়ে যায়।
D. কাবুলিওয়ালার ঝুলিতে বন্দুক থাকে।

IV. মন্তব্য: প্রতি বছর দেশে যাওয়ার জন্য রহমত বড়ো ব্যস্ত থাকে।
কারণ (ক): সারা বছরে যা রোজগার করে সেই টাকা তার বাড়িতে দিয়ে আসতে হয়।
কারণ (খ): এই সময় পাওনাদারদের কাছ থেকে সব টাকা তাকে আদায় করতে হয়।
কারণ দুটিকে ঠিক অথবা ভুল চিহ্নিত করো।
A. কারণ (ক) ঠিক কিন্তু কারণ (খ) ভুল।
B. কারণ (ক) এবং কারণ (খ) দুটোই ভুল।
C. কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) ঠিক।
D. কারণ (ক) এবং কারণ (খ) দুটোই ঠিক।

V. রহমত কলকাতার গলির ভিতরে বসে কোথাকার দৃশ্য দেখতে লাগল?
A. আফগানিস্থানের এক মরু পর্বতের।
B. রাজস্থানের এক মরু পর্বতের।
C. চীনের এক মরু পর্বতের।
D. বেলুচিস্তানের এক মরু পর্বতের।

VI. মন্তব্য: পৃথিবীর সমস্ত মাতাল কথকের বাড়িটা বিশেষ লক্ষ্য করে ছুটে আসছে।
কারণ (ক): কথকের বাড়ির কাছেই ঐ এলাকায় যত মাতাল বাস করে।
কারণ (খ): মাতালরা মনে করে মিনিদের বাড়িটাই একমাত্র নিরাপদ জায়গা।
কারণ দুটিকে ঠিক অথবা ভুল চিহ্নিত করো।

A. কারণ (ক) এবং কারণ (খ) দুটোই ঠিক।
B. কারণ (ক) ভুল হলেও কারণ (খ) ঠিক।

C. কারণ (ক) ঠিক কিন্তু কারণ (খ) ভুল।
D. কারণ (ক) এবং কারণ (খ) দুটোই ভুল।

VII. "এদিকে আবার আমি এমনি উদ্ভিজ্জ প্রকৃতি যে."-উদ্ভিজ্জ প্রকৃতি বলতে এখানে কী বোঝানো হয়েছে?
A. উদ্ভিদের মতো ছায়া দান করা।
B. এক জায়গা থেকে অন্য জায়গায় না যাওয়ার ইচ্ছা।
C. এক জায়গা থেকে অন্য জায়গায় যাওয়ার জন্য মানসিকভাবে ইচ্ছা তৈরি হওয়া।
D. কাউকে তোয়াক্কা না করে এগিয়ে যাওয়ার পরিকল্পনা।

VIII.  প্রাচীন কালে এই সময়ে রাজারা শূন্যস্থানে উপযুক্ত পদটি হবে-বাহির হইতেন।
A. বেড়াতে   B. যুদ্ধে  C.দিগ্বিজয়ে  D. ভ্রমণে

IX. 'এই জন্য রহমতের অনুরোধটা সে পরিষ্কার বুঝিতে পারিত না।'- রহমতের নির্দিষ্ট অনুরোধ মিনির বুঝতে না পারার কারণ-
A. মিনি রহমতের ভাষা বুঝতে পারত না।
B. রহমতের চেয়ে মিনির বয়সের অনেক তফাৎ।
C. রহমতের অনুরোধে ব্যক্ত বিষয়টি সম্বন্ধে ছোট্ট মিনির কোনো পূর্ব ধারণাই ছিল না।
D. মিনির মা রহমত ও মিনির মাঝখানে প্রাচীর হয়ে দাঁড়িয়েছিলেন।

X. "কিন্তু মঙ্গল-আলোকে আমার শুভ উৎসব উজ্জ্বল হইয়া উঠিল।”-শুভ উৎসবটি কী ছিল?
(a) মিনির জন্মদিন        (b) মিনির বিবাহ
(c) রহমতের দেশে প্রত্যাবর্তন
(d) রহমতের মেয়ের বিবাহ

প্রশ্নের যথাযথ উত্তর দাও:-
A. “প্রথম পরিচয়টা এইভাবে গেল।”- কীভাবে প্রথম পরিচয় হল? (৩)
B. “ সে হঠাৎ স্পষ্ট বুঝিতে পারিল।”- কে কী বুঝতে পেরেছিল? (২)